# AKASHVANI KOLKATA

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 06-11-2026 Time: 7.50 PM**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী দেশ বিরোধী শক্তির বিরুদ্ধে সকলকে একজোট হওয়ার আহ্বান জানিয়েছেন।

২) বিশেষ নিবিড় সংশোধন প্রক্রিয়ায় খসড়া ভোটার তালিকা থেকে বাদ পড়া ব্যক্তিরা যাতে আবার নাম তুলতে পারেন তার সুযোগ দিচ্ছে নির্বাচন কমিশন।

৩) কলকাতা হাইকোর্ট ওয়ার্ড পুনর্বিন্যাস নিয়ে সিঙ্গল বেঞ্চে দায়ের হওয়া মামলার নিষ্পত্তি না হওয়া পর্যন্ত কলকাতা পুরভোট সংক্রান্ত বিজ্ঞপ্তি জারি করা যাবে না বলে নির্দেশ দিয়েছে।

৪) ভুয়ো চিকিৎসক ধরতে রাজ্য সরকার এবার নো ইওর ডক্টর বা K.Y.D পদ্ধতি চালু করতে চলেছে।

৫) রাজ্য সরকার গঠিত সপ্তম বেতন কমিশনের অধীনে বেশ কিছু সংস্থাকে যুক্ত করা হয়েছে।

৬) আলিপুরদুয়ারে জয়গাও স্থলবন্দর নির্মাণের জন্য চা-বাগান শ্রমিকদের বলপূর্বক উচ্ছেদ করা যাবে না বলে কলকাতা হাইকোর্ট নির্দেশ দিয়েছে।

৭) কল্যাণীতে বাংলা ও ওড়িশার মধ্যে অনূর্ধ্ব ২৩ চারদিনের সি কে নাইডু ট্রফি ক্রিকেট ম্যাচ অমীমাংসিত।

oooooooooooooooooo

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেছেন, রাজ্যে বর্তমান সরকার দেশের চিরাচরিত ঐতিহ্য ও সনাতনি সংস্কৃতি বজায় রাখবে। তিনি আজ উত্তর ২৪ পরগণার গাইঘাটার চাঁদপাড়ায়, একটি কালীপুজোর উদ্বোধন করে বলেন, পুজোর জন্য কাউকে আদালতে যেতে হবে না। দেশ বিরোধী শক্তির বিরুদ্ধে সকলকে একজোট হওয়ার আহ্বান জানান তিনি।

(বাইট – মুখ্যমন্ত্রী/দেশ বিরোধী)

পরে শ্রী অধিকারী মছলন্দপুরে একটি ক্লাবের কালীপুজোরও উদ্বোধন করেন।

এর আগে নদীয়ার আড়ংঘাটায় ৫৭ বছরের পুরনো একটি ক্লাবের পুজোর উদ্বোধন করে তিনি বলেন রাজ্যে নতুন সরকার ক্ষমতায় আসার পর থেকে, সামাজিক ও জনকল্যাণমূলক প্রকল্পে অর্থ সহায়তার পরিমাণ বাড়ানো হয়েছে। যোগ্য উপভোক্তারা যাতে সেই সুবিধে পান, তা' সুনিশ্চিত করা হবে।

উল্লেখ্য, আগামী রবিবার কালীপুজো। বিভিন্ন জায়গায় ইতিমধ্যেই মন্ডপের উদ্বোধন হয়ে গেছে। আলোকমালায় সেজে উঠেছে গোটা রাজ্য।

oooooooooooooooooo

বিশেষ নিবিড় সংশোধন প্রক্রিয়ায় খসড়া ভোটার তালিকা থেকে বাদ পড়া ভোটারদের তালিকায় নাম তুলতে নির্বাচন কমিশন বিশেষ সুযোগ দিয়েছে। কমিশনের জারি করা এক নির্দেশিকায় জানানো হয়েছে, যাঁদের নাম 'এএসডিডি' অর্থাৎ অনুপস্থিত, স্থানান্তরিত, মৃত বা ডুপ্লিকেট হিসেবে চিহ্নিত হওয়ায় খসড়া তালিকায় ওঠেনি, তাঁদের চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্তির জন্য ফের আবেদন জানানোর সুযোগ দেওয়া হবে।

কমিশনের নির্দেশ অনুযায়ী, এ ধরণের ভোটারদের বুথভিত্তিক তালিকা ফের সংশ্লিষ্ট ভোটকেন্দ্র, পঞ্চায়েত ভবন, পুরসভা, বিডিও দফতর এবং মুখ্য নির্বাচনী আধিকারিকের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

কেন কোনও ভোটারের নাম বাদ পড়েছে, তাও উল্লেখ থাকবে সেই তালিকায়।শুধু তালিকা প্রকাশই নয়, প্রত্যেক বাদ পড়া ভোটারের সঙ্গে যোগাযোগের নির্দেশও দিয়েছে কমিশন। বুথ লেভেল অফিসারদের বাড়ি বাড়ি গিয়ে, প্রতিবেশী বা পরিবারের সদস্যদের মাধ্যমে, এমনকি ফোন, হোয়াটসঅ্যাপ, ই-মেল বা এসএমএসের সাহায্যে তাঁদের সঙ্গে যোগাযোগের চেষ্টা করতে হবে। পাশাপাশি, ইসিআই নেট অ্যাপ এবং ওয়েবসাইট থেকেও সংশ্লিষ্ট ভোটাররা নিজেদের গণনাপত্র ডাউনলোড করে জমা দিতে পারবেন।

oooooooooooooooooo

কলকাতা হাইকোর্ট, ওয়ার্ড পুনর্বিন্যাস নিয়ে সিঙ্গেল বেঞ্চে দায়ের হওয়া মামলার নিষ্পত্তি না হওয়া পর্যন্ত, কলকাতার পুরভোট সংক্রান্ত বিজ্ঞপ্তি জারি করা যাবে না বলে নির্দেশ দিয়েছে। এর ফলে এখনই পুরভোট করাতে পারবে না কমিশন।

কলকাতা পুরসভার ডিলিমিটেশনের ফলে ওয়ার্ড সংখ্যা ১৪৪ থেকে বেড়ে হয়েছে ২০৯। এর বিরুদ্ধে প্রাক্তন CPIM কাউন্সিলার দীপু দাসের করা মামলায় আজ পুরভোটের বিজ্ঞপ্তি জারির ওপর অন্তর্বর্তী স্থগিতাদেশ দেন, দুই বিচারপতি সব্যসাচী ভট্টাচার্য ও অর্জুন রায় মুখার্জির অবকাশকালীন ডিভিশন বেঞ্চ।

উল্লেখ্য, গত ২৯শে অক্টোবর বিচারপতি হিরন্ময় ভট্টাচার্যের সিঙ্গল বেঞ্চ, তিন সপ্তাহের মধ্যে রাজ্যকে হলফনামা দিতে বলেছিল। তারপরের এক সপ্তাহের মধ্যে পাল্টা বক্তব্য জানাতে পারবেন মামলাকারী। এরপরই মামলা তালিকাভুক্ত করার জন্য আদালতের দৃষ্টি আকর্ষণ করতে পারবে সংশ্লিষ্ট সব পক্ষ। সেই নির্দেশকে চ্যালেঞ্জ করেই ডিভিশন বেঞ্চের দ্বারস্থ হন দীপু দাস। গত পরশু মামলার শুনানি শেষে, রায়দান স্থগিত রাখা হয়েছিল।

oooooooooooooooooo

কলকাতা পুরসভার নির্বাচনের দিনক্ষণ ঘোষণা ও বিজ্ঞপ্তি প্রকাশের ওপর কলকাতা হাইকোর্ট যে অন্তর্বর্তী স্থগিতাদেশ জারি করেছে সে ব্যাপারে বিজেপি রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্য অভিযোগ করেছেন, জনসমর্থন হারিয়ে তৃণমূলের নির্দেশেই আদালতের দ্বারস্থ হয়েছে সিপিএম। তিনি আজ আলিপুরদুয়ার এ সিপিএম ও তৃণমূলকে একযোগে নিশানা করলেন। অতীতে বিভিন্ন আন্দোলন ও অশান্তির ঘটনায় বামেদের নীরবতা নিয়েও প্রশ্ন তোলেন তিনি।

নির্বাচন নিয়ে তাঁর দাবি, হাইকোর্টের নির্দেশে যে সামান্য প্রযুক্তিগত জটিলতা তৈরি হয়েছে, তা দ্রুত মিটে যাবে। প্রশাসনিক বিকেন্দ্রীকরণ ও ডিলিমিটেশন প্রক্রিয়া সম্পন্ন হবেই। আর ডিলিমিটেশন শেষ হওয়ার পরেই রাজ্যে নির্বাচন  হবে বলে স্পষ্ট বার্তা দেন।

(বাইট – শমিক)

oooooooooooooooo

ভুয়ো চিকিৎসক ধরতে রাজ্য সরকার এবার নো ইওর ডক্টর বা K.Y.D পদ্ধতি চালু করতে চলেছে। স্বাস্থ্যমন্ত্রী শারদ্বত মুখোপাধ্যায় আজ কলকাতায় একথা জানিয়ে বলেন, স্বাস্থ্য দফতর রাজ্য মেডিকেল কাউন্সিলের নথিভুক্ত সব চিকিৎসকের নথিপত্র যাচাই করবে। এব্যাপারে রাজ্য মেডিকেল কাউন্সিলের সঙ্গে বৈঠক হয়েছে দফতরের। দুটি পদ্ধতিতে এই শংসাপত্র যাচাই করা হবে।

প্রথমত,  ডাক্তাররা নিজেরাই এসে শংসাপত্র দেখাতে পারেন, দ্বিতীয়ত যারা দূরে থাকেন অথবা বয়স্ক তারা ভিডিও কনফারেন্সের মাধ্যমে নথি যাচাই করতে পারবেন।

মেডিকেল কাউন্সিলে নথিভুক্ত ১ লক্ষ ১০ হাজার চিকিৎসকের শংসাপত্র খতিয়ে দেখা হবে। তবে, যাদের মৃত্যু হয়েছে, তাদের নাম বাদ দেওয়া হবে নথিভুক্ত তালিকা থেকে।

(বাইট – স্বাস্থ্যমন্ত্রী)

oooooooooooooooo

জাতীয় স্বাস্থ্য কর্তৃপক্ষ NHA কলকাতায় আজ এক বৈঠকে আয়ুষ্মান ভারত, প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা AB PM-JAY এবং আয়ুষ্মান ভারত ডিজিটাল মিশন  ABDM-এ কাজের অগ্রগতির পর্যালোচনা করেছে। আগামী দিনে এই কর্মসূচী রূপায়নের পন্থা-পদ্ধতি ও পরিকল্পনা নিয়ে বৈঠকে মূলত আলোচনা হয়। এছাড়াও উপভোক্তাদের বিভিন্ন সুবিধে প্রদান, স্বাস্থ্য পরিষেবা আরও জোরদার করা, আর্থিক নিরাপত্তা সুনিশ্চিত করা এবং ডিজিটাল স্বাস্থ্য ব্যবস্থা তরান্বিত করার ওপরেও জোর দেওয়া হয়।

NHA-এর মুখ্য কার্যনির্বাহী আধিকারিক ডঃ সুনীল কুমার বার্নওয়াল জানিয়েছেন, পশ্চিমবঙ্গে আয়ুষ্মান ভারত যোজনা চালু হওয়ার পর থেকে ৪ কোটিরও বেশি আয়ুষ্মান কার্ড

দেওয়া হয়েছে। সুবিধাভোগীরা যাতে উন্নত স্বাস্থ্য পরিষেবা পান – আগামী দিনে তা সুনিশ্চিত করতে হবে।

পশ্চিমবঙ্গের মুখ্য সচিব মনোজ কুমার আগারওয়াল জানিয়েছেন, আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনায় ৪ কোটি ২০ লক্ষ সুবিধাভোগীর নাম নথিভুক্ত হয়েছে। এপর্যন্ত চিকিৎসা করা হয়েছে ২ লক্ষ ২০ হাজার মানুষকে। তিনি জানান, এই প্রকল্পের আওতায় যোগ্য পরিবারগুলি যেমন হাসপাতালে চিকিৎসার ক্ষেত্রে আর্থিক নিরাপত্তা পাবেন, অন্যদিকে, প্রাথমিক স্বাস্থ্য পরিষেবা, দ্রুত রোগ সনাক্ত করা এবং হাসপাতালের ওপর বোঝা কমানো সম্ভব হবে।

oooooooooooooooo

বৈঠকে পশ্চিমবঙ্গে আয়ুষ্মান ভারত প্রকল্প ও ডিজিটাল স্বাস্থ্য মিশনের অগ্রগতির খতিয়ান তুলে ধরেন রাজ্যের স্বাস্থ্য সংস্থার সিইও শরদ দ্বিবেদী এবং রাজ্যের মিশন ডিরেক্টর ইউনিস রিশিন ইসমাইল।

উপভোক্তাদের নাম নথিভুক্তি, আয়ুষ্মান কার্ড তৈরি এবং ডিজিটাল স্বাস্থ্য পরিষেবা সম্প্রসারণের ক্ষেত্রে রাজ্যের কাজের বিবরণ দেওয়া হয়।

oooooooooooooooo

প্রবীণ শিশু চিকিৎসক অরুণ সিংকে রাজ্য স্বাস্থ্য দপ্তরের উপদেষ্টা পদে নিয়োগ করা হয়েছে। প্রবীণ এই চিকিৎসকের হাত ধরেই পুরুলিয়ায় দেবেন মাহাতো মেডিকেল কলেজে SNCU ইউনিট তৈরি হয়েছিল, যা শিশুমৃত্যু রোধে গুরুত্বপূর্ণ ভূমিকা নেয়।

oooooooooooooooo

রাজ্য সরকার গঠিত সপ্তম বেতন কমিশনের অধীনে বেশ কিছু সংস্থাকে যুক্ত করা হয়েছে। একই সঙ্গে বাদ দেওয়া হয়েছে কয়েকটি সংস্থাকে। অর্থ দফতরের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, রাজ্যের সব সাহায্যপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়ের অশিক্ষক কর্মচারী, মাধ্যমিক শিক্ষা পর্ষদ, উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ, মাদ্রাসা শিক্ষা পর্ষদের কর্মচারীদের বেতন কাঠামো এবং চাকরির শর্তাবলীও কমিশন পরীক্ষা করে দেখবে ।

সরকারি কর্মচারীদের পাশাপাশি এইসব কর্মীদেরও কমিশনের আওতায় আনার কথা বলা হয়েছে নির্দেশিকায়। কমিশনকে এজন্য দ্রুত সুপারিশ করতে হবে। পাশাপাশি মুকুটমণিপুর, ফুরফুরা শরীফ, তারকেশ্বর,বর্ধমান, তারাপীঠ, রামপুরহাট, গাজোলডোবা, গঙ্গাসাগর, বকখালি উন্নয়ন কর্তৃপক্ষ, ওয়াকফ ট্রাইবুনাল, ওয়েস্ট বেঙ্গল ট্রাইবাল ডেভেলপমেন্ট কো-অপারেটিভ কর্পোরেশন লিমিটেডের মতো ১৯ টি সংস্থাকেও কমিশনের আওতায় আনা হয়েছে।

অন্যদিকে রাজ্য মাদ্রাসা শিক্ষা পর্ষদ, রাজ্য কারিগরি শিক্ষা সংসদ এবং রাজ্য বৃত্তিমূলক শিক্ষা সংসদ কে  কমিশনের বাইরে রাখা হয়েছে বলে সরকারিভাবে জানানো হয়েছে।

বেতন কমিশনের বাইরে রাখা তিনটি সংস্থাকে যুক্ত করা হয়েছে অন্য সংসদ ও পর্ষদের সঙ্গে ।

oooooooooooooooooo

আলিপুরদুয়ারে জয়গাঁও স্থলবন্দর নির্মাণের জন্য চা-বাগান শ্রমিকদের বলপূর্বক উচ্ছেদ করা যাবেনা বলে, কলকাতা হাইকোর্ট নির্দেশ দিয়েছে। একইসঙ্গে মানতে হবে, আইনি পদ্ধতিও। সরকারি জমি দখল করে রাখলেও, ঝুপড়ির বসবাসকারীদের, আরও বেশি আইনি সুরক্ষার প্রয়োজন আছে বলে হাইকোর্টের অবকাশকালীন ডিভিশন বেঞ্চের দুই বিচারপতি সব্যসাচী ভট্টাচার্য ও অর্জুন রায় মুখার্জী মোট প্রকাশ করেছেন। জয়গাঁও স্থলবন্দর নির্মাণের কাজে কোনো স্থগিতাদেশ না দেওয়া হলেও, চা-বাগান শ্রমিকদের সরাতে আইনি পদ্ধতি অবলম্বনের কথা জানানো হয়েছে। বেঞ্চ বলেছে, সরকারি প্রকল্পের অজুহাতে অনৈতিকভাবে উচ্ছেদ করা যায়না।

oooooooooooooooooo

কলকাতা হাইকোর্ট, পশ্চিম মেদিনীপুরের শালবনি জমি দুর্নীতি মামলায় ধৃত তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের আপ্ত সহায়ক সুমিত রায়ের জামিনের আবেদন খারিজ করে দিয়েছে । বিচারপতি অরিন্দম মুখোপাধ্যায়ের অবকাশকালীন বেঞ্চ জানিয়েছেন, সুমিতকে আপাতত জামিন দেওয়া হচ্ছে না। ছুটি শেষ হওয়ার পর ১৬-ই নভেম্বর আদালত পুরোদমে চালু হলে, নিয়মিত বেঞ্চে তার জামিনের আর্জি বিবেচনা করা হবে।

সুমিতের পক্ষে তার আইনজীবী কিশোর দত্ত  অভিযোগ করেন, তার মক্কেলকে সম্পূর্ণ রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিতভাবে ৫ বছরের পুরোনো মামলায় গ্রেফতার করা হয়েছে।

অন্যদিকে রাজ্য সরকারের পক্ষে অতিরিক্ত অ্যাডভোকেট জেনারেল রাজদীপ মজুমদার জামিনের আবেদনের বিরোধিতা করে বলেন, এই দুর্নীতির তদন্ত এখনও প্রাথমিক পর্যায়ে এবং তদন্তকারীদের হাতে প্রতিদিনই অত্যন্ত গুরুত্বপূর্ণ তথ্য আসছে। সেই পরিস্থিতিতেই অভিযুক্তকে জামিন দেওয়া হলে তদন্ত প্রক্রিয়া ব্যাহত হতে পারে। দু-পক্ষের সওয়াল জবাব শোনার পর বিচারপতি মুখোপাধ্যায় জামিনের আর্জি খারিজ করে দেন।

উল্লেখ্য, শালবনি জমি দুর্নীতি মামলা ছাড়াও সুমিত রায়, শিক্ষক নিয়োগ দুর্নীতিতেও অভিযুক্ত, তবে ওই মামলায় তিনি আদালত থেকে আগাম জামিন পেয়েছেন।

oooooooooooooooo

আজ ধনতেরস। কার্তিক মাসের কৃষ্ণপক্ষের ত্রয়োদশীতে আয়োজিত এই উৎসব দীপাবলির সঙ্গে ওতপ্রোত ভাবে জড়িৎ। দীপাবলি উৎসবের সূচনার প্রথম দিন এই দিন টি ।ধন-সম্পদ ও সমৃদ্ধির কামনায় লক্ষ্মীদেবীকে আহ্বান করা হয়। সুস্বাস্থ্য ও আয়ুর প্রতীক হিসেবেও গন্য করা  হয়ে থাকে দিনটিকে।

ধনভাণ্ডারের দেবতা কুবেরেরও  যথাযোগ্য পুজার্চনার আয়োজন করা হয়েছে।

ধনতেরাস মূলত অবাঙ্গালীদের উৎসব হলেও, একে কেন্দ্র করে আজ সমান ভাবেই মেতে ওঠেন বাঙ্গালিরা। ধনতেরাস উপলক্ষে কলকাতার  সোনা ও গয়নার দোকানগুলি বিশেষ ছাড় দিচ্ছে,ধনসম্পদ বৃদ্ধির আশায়  সোনার চড়া দাম সত্ত্বেও  সর্বত্রই উপচে পড়া ভিড়। সোনা রূপো ছাড়াও বিভিন্ন ধাতু ও ধাতব পদার্থ,  বাসন পত্র , ইলেক্ট্রনিক্স, বৈদ্যুতিক সরঞ্জাম , এমন কি ঘর সাজানোর সামগ্রীর দোকানেও চলেছে জোরদার কেনা বেচা। দোকানগুলিতে আলো ও ফুল মালায় সাজিয়ে তোলা হয়েছে।

oooooooooooooooo

কল্যাণীতে  বাংলা ও ওড়িশার মধ্যে অনূর্ধ্ব ২৩ চারদিনের  সি কে নাইডু ট্রফি ক্রিকেট ম্যাচ  অমীমাংসিত ভাবে শেষ হয়েছে। আজ শেষ দিনে বাংলা দ্বিতীয় ইনিংসে ২১২ রানে শেষ

হয়। আদিত্য রায় ৬১, শশাঙ্ক সিং ৫৫ রান করেছেন। এরপর ওড়িশা দ্বিতীয় ইনিংসে চার উইকেটে ১২৯ রান সংগ্রহ করে। বাংলার প্রথম ইনিংসে ২৪৩ রানের জবাবে ওড়িশা করেছিল ২০৮ রান।

oooooooooooooooooo